

তারিখ ... 01 AUG 1956 ...
 পৃষ্ঠা ... 7 ... 6 ...

শিক্ষা সংগ্রহ

৫৫



ঢাকা : মঙ্গলবার, ১৭ই শ্রাবণ, ১৩৯৬



মাধ্যমিক পর্যায়ে এক বিষয়ে তিনটি বই প্রকাশ

মাধ্যমিক পর্যায়ে একটি বই প্রকাশের সরকারী সিদ্ধান্তের প্রতিবাদে গতকাল ঢাকায় স্কুলছাত্রদের বিক্ষোভ।

স্কুলছাত্র ধর্মঘট
সফল করার আহ্বান
 (বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ছাত্র সংগ্রাম পরিষদ আগামী-কাল ২রা আগষ্ট আহুত স্কুলছাত্র ধর্মঘট সফল করে তোলার আহ্বান জানিয়েছে।

পরিষদের উদ্যোগে গতকাল সোমবার জাতীয় প্রেসক্লাবের সামনে অনুষ্ঠিত এক ছাত্রসভায় এ আহ্বান জানান হয়। ৬ষ্ঠ শ্রেণী থেকে ১০ম শ্রেণী পর্যন্ত প্রতি বিষয়ে তিনটি করে পাঠ্যপুস্তক প্রণয়নের সরকারী সিদ্ধান্তের প্রতিবাদে এই ধর্মঘট এবং তার সমর্থনে গতকালের ছাত্রসভা আহ্বান করা হয়। ঢাকা নগর পরিষদের অন্যতম নেতা জহিরুল ইসলাম সভায় সভাপতিত্ব করেন। বক্তব্য রাখেন পরিষদের কেন্দ্রীয় নেতা মুশতাক হোসেন, হাবিবুর রহমান ও মোস্তফা ব্যানার্জী।

বক্তারা বলেন, সরকার উক্ত সিদ্ধান্ত না করে বরং বিদ্রোহিতকর বক্তব্য দিচ্ছে। টেক্সটবুক বোর্ডের বক্তব্যের জবাবে বক্তারা পাঠ্যপুস্তক প্রণয়ন করে, একজন শিক্ষার্থীর যদি একটি বিষয়ে একটি বই কিনলেই চলে তাহলে তিনটি বই প্রকাশ করা হচ্ছে কেন। পাঠ্যপুস্তকের মানোন্নয়ন বর্তমান পদ্ধতিতেই করা সম্ভব বলে বক্তারা অভিমত ব্যক্ত করেন।

--সংবাদ